

স্মারক নং ০০.০০.০২০২.৫৬৩.৩৭.০০৯.২০- ১৫৬

তারিখ: ০১ মার্চ ২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কসবা উপজেলাধীন ২০(বিশ) এক পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ বাংলা ১৪২৯ হতে ১৪৩১ সন পর্যন্ত ০৩(তিন) বৎসর মেয়াদে সাধারণ আবদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার গত ২৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৫৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে।

সময়সূচী

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১	১০ থেকে ২৫, ফাল্গুন ১৪২৮ এর মধ্যে (২৩.০২.২০২২ থেকে ১০.৩.২০২২ তারিখের মধ্যে)	অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
২	২৬ ফাল্গুন, ১৪২৮ থেকে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে (অফিস চলাকালীন সময়ে)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে দাখিল করতে হবে

ইজারায়োগ্য জলমহালের তালিকা:

ক্র:নং	জলমহালের বিবরণ	মৌজার নাম	দাগ নং	আয়তন (একরে)	বিগত তিন সনের গড় রাজস্ব নির্ধারিত মূল্য	৫% বর্ধিত হারে সরকারি মূল্য	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	মাধবপুর খাস পুকুর	মাধবপুর	২২২	১.০২	৫,২৫৫/-	৫,৫১৮/-	১৪২৮ পর্যন্ত ইজারাকৃত
২	খেওড়া খাস পুকুর	খেওড়া	২৯৮২	১.১২	৭,৯০৩/-	৮,২৯৮/-	-ঐ-
৩	খেরড়া খাস পুকুর	খেওড়া	১০৬১	০.৬৭	৭,৮৮২/-	৮,২৭৭/-	-ঐ-
৪	কিংশাহপুর খাস পুকুর	কিংশাহপুর	২১৬২	৪.৬৭	১,৫৭,৬২৫/-	১,৬৫,৫০৬/-	-ঐ-

নিয়মাবলী:


১। অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবি সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা Jm.lams.go.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ৫০০(পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস, কসবা, ব্রাহ্মণবাড়িয়া থেকে আবেদন ফরম সংগ্রহ করে পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিল পূর্বক ফরমের মূলকপি ৫০০(পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস, কসবা, ব্রাহ্মণবাড়িয়া জমা প্রদান করতে হবে।

২। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০%(শতকরা) টাকা জমানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস, কসবা, ব্রাহ্মণবাড়িয়া দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদনের জলমহালের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৩। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারমত্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৪। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে উপজেলা ভূমি অফিসে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


মাসুদ উল আহম্মেদ

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

কসবা, ব্রাহ্মণবাড়িয়া।


E-mail: unokasba@mopa.gov.bd

স্মারক নং ০০.০০.০২০২.৫৬৩.৩৭.০০৯.২০- ৭৮

তারিখ: ০১ মার্চ ২০২২ খ্রি.

বিতরণ: কার্যার্থে ও সদয় জ্ঞাতার্থে:

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৪ ও মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা।
- ০৪। সহকারী কমিশনার(ভূমি) ও সদস্য সচিব, উপজেলা ভূমি অফিস, কসবা। নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ০৫। অফিসার-ইন-চার্জ, কসবা থানা, কসবা। নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ০৬। উপজেলা----- কর্মকর্তা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৭। সম্পাদক,-----, তাঁর পত্রিকায় উক্ত বিজ্ঞপ্তি-----
তারিখের মধ্যে সরকারি বিধি মোতাবেক একবার প্রচার করে সৌজন্য কপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,-----, ইউনিয়ন ভূমি অফিস। টোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।
- ০৯। জনাব-----
- ১০। নোটিশ বোর্ড।


০১/০৩/২২

সনজীব সরকার

সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য-সচিব

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

কসবা, ব্রাহ্মণবাড়িয়া